গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ অধিশাখা

**অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী।**

**সভাপতি : মো: সাইদুর রহমান**
**অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)**
**তারিখ ও সময় : ২৮ ডিসেম্বর, ২০২২ খ্রি:, সকাল ১১.৩০ টা**
**স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের অফিস কক্ষ**
**(কক্ষ নং ১৬২০, ১৬তলা, ভবন নং-১১)**

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদান করা হলো:

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০২২-২৩ অর্থবছরের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির এটা দ্বিতীয় সভা। অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টার গত ১৯/১২/২০২২ খ্রি: তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি পুঙ্খানুপুঙ্খরুপে পরীক্ষা নিরীক্ষা করে তিনি বলেন যে, অর্থ বিভাগের যেসব শাখায় বেশি সেবা প্রদান করা হয় সেসব শাখাসমূহে সেবা প্রদানে সময়সীমা পালন করা হয় কিনা সেজন্য সরেজমিনে পরিদর্শন করা প্রয়োজন। তিনি অর্থ বিভাগের আওতাধীন সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিবীক্ষণ কমিটির পর্যালোচনা সভা নিয়মিত করার জন্য ধন্যবাদ জানান। তিনি সিটিজেন চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি প্রতি তিন মাস অন্তর পুনর্গঠন/হালনাগাদ করার জন্য গুরুত্ব প্রদান করেন। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার আয়োজন, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং এ বিষয়ে প্রশিক্ষণ/সেমিনার ও স্টেকহোল্ডারদের অবহিতকরণ সভা করার জন্য সন্তোষ প্রকাশ করেন।

৩। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব জনাব মো: শওকত আলী অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, অর্থ বিভাগের সিটিজেন চার্টার প্রতি তিনমাস অন্তর হালনাগাদ করা হচ্ছে। ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকৃত (অক্টোবর-ডিসেম্বর,২০২২) সিটিজেন চার্টারটি পরীক্ষা নিরীক্ষা করা হয় এবং প্রতিটি সেবার বিপরীতে নির্ধারিত সময়ও কমিয়ে আনার বিষয়ে সভাকে অবহিত করা হয়।

৪। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

৪.১। প্রতি তিন মাস অন্তর অর্থ বিভাগ ও সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।
(বাস্তবায়নে-যুগ্মসচিব ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)।

৪.২। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) কে আহবায়ক করে জনাব মো: মনির হোসেন চৌধুরী, যুগ্মসচিব (প্রবিধি-১ অধিশাখা) ও জনাব মোহাম্মদ ইকতিদার আলম, উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) কে সদস্য করে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনপূর্বক যেসকল শাখায় বেশি সেবা প্রদান করা হচ্ছে সেসকল শাখায় সময়মত সেবা প্রদান করা হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করতে হবে।
(বাস্তবায়নে-যুগগ্মসচিব ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)

৪.৩। পরবর্তী ত্রৈমাসিকে সিটিজেন চার্টারটি অনুবিভাগওয়ারী আলাদা করে সাজিয়ে আপলোড করতে হবে। (বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-১ অধিশাখা)।

৪.৫। সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণসহ পরিবীক্ষণ কমিটির সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।
(বাস্তবায়নে-সিজিএ কার্যালয়)

৪.৬। সিটিজেন চার্টারে অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২০২২

(মো: সাইদুর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৭.২০. ৪২৪ তারিখ : ২৮/১২/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(দৃ: আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা/বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা, অর্থ বিভাগ।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৫। সভায় উপস্থিত কর্মকর্তা, জনাব ........................................................., অর্থ বিভাগ।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।
(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

২৮/১২/২২

(ফারুক আহাম্মেদ)
সিনিয়র সহকারী সচিব ও বিকল্প
ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

পরিশিষ্ট-ক

অদ্য ২৮.১২.২০২২ তারিখ বুধবার সকাল ১১.৩০ টায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে অর্থ বিভাগের সভাকক্ষে (কক্ষ নং-১৬২০, ১৬তলা, ভবন নং-১১) অনুষ্ঠিত সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | মুন্সী আব্দুল জাহান<br>যুগ্মসচিব | [signature] 28/12/2022 |
| ২. | নাসিমা পারভীন<br>যুগ্মসচিব | [signature] ২৮/১২/22 |
| ৩. | খন্দকার সাদিয়া আরাফিন<br>উপসচিব | [signature] 28/12/22 |
| ৪. | চৌধুরী আশরাফুল করিম<br>উপসচিব | [signature] 28/12/2022 |
| ৫. | মো: আবুল কালাম শাহ<br>সি. এনালিস্ট | [signature] 28/12/22 |
| ৬. | ড. নাজমুস সাদাত<br>যুগ্মসচিব, বা.প্র:- 2 | [signature] 28/12/2022 |
| ৭. | মনির হোসেন চৌধুরী<br>যুগ্ম সচিব, প্রবিধি-১ | [signature] 28/12/2022 |
| ৮. | মো: আব্দুর রাজ্জাক<br>DCGA, CGA Office | [signature] 28/12/2022 |
| ৯. | মো: ফিরোজ আহমেদ<br>যুগ্মসচিব | [signature] 28/12/22 |

| | | |
|---|---|---|
| ১০. | | |
| ১১. | [illegible] রহমান<br>সিনিয়র সহকারী সচিব<br>অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ | [signature]<br>২৮/১১/২২ |
| ১২. | মোহাম্মদ ইফতিখার আহমদ<br>উপ-সচিব<br>প্রশাসন-২ | ইফতিখার<br>28/11/22 |
| ১৩. | ফারুক আহমেদ, SAS<br>প্রশাসন-১ শাখা | [signature]<br>28/11/22 |
| ১৪. | | |
| ১৫. | | |
| ১৬. | | |
| ১৭. | | |
| ১৮. | | |
| ১৯. | | |
| ২০. | | |